

## ফরিদপুরে জিংক সমৃদ্ধ ব্রিধান-৭২ বাম্পার ফলন

### প্রতিনিধি, ফরিদপুর

ক্যাপার, ডায়াবেটিস, হৃদরোগ প্রতিরোধী অধিক পুষ্টিগুণ ও জিংকসমৃদ্ধ ব্রিধান-৭২ এর বাম্পার ফলন হয়েছে। অন্যান্য ধানের থেকে কম সময়ে ধান উৎপাদন, অধিক ফলন এবং পুষ্টিগুণ থাকায় দিন দিন এই ধানের আবাদ বৃদ্ধি পাচ্ছে ফরিদপুর অঞ্চলে। আর কৃষি বিভাগ বলছে জিংকসমৃদ্ধ ব্রিধান ৭২ চাষে চাষীদের প্রশিক্ষণসহ সবধরনের সহযোগিতা করা হয়। আর ব্রিধান-৭২ চাষে চাষীদের সার ও বীজসহ সবধরনের সহযোগিতা করছে বেসরকারি উন্নয়ন সংস্থা হারভেস্টপ্রাস বাংলাদেশ ও এসডিসি।

ফরিদপুর জেলায় চলতি আমন মৌসুমে জিংকসমৃদ্ধ ব্রিধান-৭২ এর ব্যাপক আবাদ হয়েছে। আবহাওয়া অনুকূলে থাকায় ফলনও হয়েছে বাম্পার। বাজারে এ ধানের চালের চাহিদাও রয়েছে প্রচুর। ক্যাপার, ডায়াবেটিস, হৃদরোগ প্রতিরোধী জিংকসমৃদ্ধ ব্রিধান-৭২ এ নারী ও শিশুদের সরাসরি বিশেষ চাহিদা মেটাতেও সক্ষম। অতি অল্প সময়ে ধান কেটে একই জমিতে রবি ফসল ও উৎপাদন করা সম্ভব। ফলে চাষিরা অধিক লাভবান হচ্ছে। আর সেই কারণে ফরিদপুর জেলা জিংক সমৃদ্ধ ব্রিধান-৭২ এর চাষ বৃদ্ধি পাচ্ছে। এ চালের ভাত সুস্বাদু এবং পুষ্টিকর। ফরিদপুর জেলার ৯টি উপজেলাতেই কম-বেশি ব্রিধান ৭২ এর আবাদ হচ্ছে।

অন্যান্য ধান উৎপাদন করতে সময় লাগে ১৫৫ দিন থেকে ১৬০দিন। আর ব্রিধান-৭২ বীজতলায় বীজ বপন থেকে ধান কাটা পর্যন্ত সময় লাগে ১২০ থেকে ১২৫ দিন। আর প্রতি বিঘা জমিতে ২৫ থেকে ৩০মন ধান উৎপাদন করা সম্ভব। চলতি মৌসুমে জেলার প্রায় ১ হাজার চাষিকে বিনামূল্যে বীজ ও সার দিয়ে সহযোগিতা করছে বেসরকারি উন্নয়ন সংস্থা এসডিসি ও হারভেস্টপ্রাস বাংলাদেশ।

এদিকে সদর উপজেলার বাখুড়ায় ব্রিধান-৭২ এর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। মাঠ দিবসে উপস্থিত ছিলেন বেসরকারি উন্নয়ন সংস্থা হারভেস্টপ্রাস বাংলাদেশ জাহিদ হোসেন, এসডিসির বিপ্রব মহলদার ও স্থানীয় কৃষক ও কৃষাণীরা।

চাষিরা জানায়, আমরা এবছর ব্রিধান-৭২ চাষ করেছি। অন্যান্য ধানের তুলনায় ফলন বেশি। এই ধান চাষ করে আমরা লাভবান হয়েছি।

বেসরকারি উন্নয়ন সংস্থা হারভেস্টপ্রাস বাংলাদেশ জাহিদ হোসেন বলেন, ব্রিধান-৭২ চাষের সম্প্রসারণ এর জন্য আমরা চাষ করছি। আমরা কৃষকদের বিনামূল্যে বীজ ও সার দিয়ে সহযোগিতা করছি। আমরা মানুষের স্বাস্থ্য ও পুষ্টি নিরাপত্তা নিয়ে কাজ করছি।

মধুখালী উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ প্রতাপ মন্ডল বলেন, এই ধানের চাল খেলে দেখা যায় যে আমাদের ডায়াবেটিস, ক্যাপার এগুলো প্রতিরোধী হবে। আমরা যদি প্রথম থেকে এই ধরনের পুষ্টিসমৃদ্ধ চাল খেতে পারি তাহলে আমাদের ডায়াবেটিস হবে না, ক্যাপার হবে না। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ফরিদপুরের উপপরিচালক কৃষিবিদ কার্তিক চন্দ্র চক্রবর্তী বলেন, কৃষি মন্ত্রণালয় ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নির্দেশনা মতে পুষ্টিসমৃদ্ধ খাবার উৎপাদনে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়েছে। এর মধ্যে ধান উৎপাদনের ক্ষেত্রেও আমাদের বিজ্ঞানীরা যে সমস্ত জাতগুলো আবিষ্কার করেছেন। বিশেষ করে জিংকসমৃদ্ধ সেগুলো উচ্চ ফলনশীল আবার জিংক সমৃদ্ধ হওয়ার কারণে এটা পুষ্টি নিরাপত্তায় ব্যাপক ভূমিকা পালন করছে। ব্রিধান-৭২ এটিতে উৎপাদন অনেক ও প্রচুর পরিমাণে জিংক রয়েছে। সকলের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। উৎপাদন বৃদ্ধি ও পুষ্টি নিরাপত্তার কথা ভেবে ফরিদপুর জেলাতে ব্রিধান ৭২ চাষে চাষিদের সহযোগিতা করা হচ্ছে।

## ফুলবাড়ীতে ব্রি ধান-৩৪ উৎপাদনে মাঠ দিবস

### প্রতিনিধি, ফুলবাড়ী (দিনাজপুর)

দিনাজপুরের ফুলবাড়ীতে গত সোমবার বিকালে গ্রাম বিকাশ কেন্দ্রের (জিবিকে) সুগন্ধি ধান ভ্যালু চেইন প্রকল্পের ব্রি-ধান ৩৪ উৎপাদনের উন্নত কলাকৌশল প্রদর্শনী প্রদানের কৃষক মাঠ দিবস পালন করা হয়েছে। উপজেলার আলানীপুর ইউনিয়নের সেনড়া গ্রামে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) অর্থায়নে ও গ্রাম বিকাশ কেন্দ্রের পেইস প্রকল্পের আওতায় 'সুগন্ধি ধানের উৎপাদন বৃদ্ধি ও উৎপাদন ব্যয় হ্রাসের মাধ্যমে উদ্যোক্তাদের ব্যয় বৃদ্ধি ও জীবযাত্রার মান উন্নয়ন শীর্ষক কৃষক মাঠ দিবসে ইউপি সদস্য মদন চন্দ্র সরকারের সভাপতিত্বে ও গ্রাম বিকাশ কেন্দ্রের পেইস প্রকল্পের সহকারি ভ্যালু চেইন ফ্যাসিলিটিটির উজ্জ্বল চন্দ্র সরকারের সম্মালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন,